পরিচালক
নগর উন্নয়ন অধিদপ্তর
উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা)
উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়)
সিনিয়র জিওগ্রাফার
সিনিয়র প্ল্যানার (টাউন প্ল্যানিং)
সিনিয়র প্ল্যানার (রিজিওনাল প্ল্যানিং)
সিনিয়র প্ল্যানার (থানা সেঃ প্ল্যাঃ-১)
সিনিয়র প্ল্যানার (থানা সেঃ প্ল্যাঃ-২)
সিনিয়র প্ল্যানার (ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল)
সহকারী প্রকৌশলী (সার্ভে)
হিসাব রক্ষণ কর্মকর্তা
প্রশাসনিক কর্মকর্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০১৫.২৩.০৪৩.৯৬-৮৮৬

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩১ / ১১ জুলাই ২০২৪

বিষয়: আগামী ১৫ আগস্ট ২০২৪ তারিখ বৃহস্পতিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৯তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্তকরণের জন্য এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ আগস্ট ২০২৪ তারিখ বৃহস্পতিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৯তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্তকরণের জন্য এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৩ জুলাই ২০২৪ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

১১/০৭/২০২৪
(ফরিদা ইয়াসমিন)
উপসচিব
ফোন-৯৫১২২৩১

বিতরণ: সদয় কার্যার্থে/ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
২. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), ................................, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৪. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার, ঢাকা ও সভাপতি, পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৬. চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
৭. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৮. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৯. চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/ গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ।
১০. মহাপরিচালক, এইচবিআরআই, ১২০/৩ দারুস সালাম, মিরপুর রোড, ঢাকা।
১১. পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৩. যুগ্মসচিব (সকল), .........................................., গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৪. উপসচিব (সকল), ..............................................................., গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬. রেজিস্ট্রার, ১ম/ ২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুনবাগিচা, ঢাকা।
১৭. পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সিনিয়র সহকারী সচিব (সকল), ..........................................., গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২তলা সরকারি অফিস ভবন, ঢাকা।
২০. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২১. সহকারী সচিব (সকল), ................................................., গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
২২. হিসাবরক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০১৫.২৩.০৪৩.৯৬-৫৮৬ তারিখ: ২৭ আষাঢ় ১৪৩১ / ১১ জুলাই ২০২৪

আগামী ১৫ আগস্ট ২০২৪ তারিখ বৃহস্পতিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৯তম শাহাদত বার্ষিকীতে দেশব্যাপী যথাযথ মর্যাদা এবং ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচির আলোকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্তকরণের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ নবীরুল ইসলাম
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
তারিখ : ০৩/০৭/২০২৪
সময় : সকাল ১০:৩০ টা
স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভার প্রারম্ভে সভাপতি সভায় অংশগ্রহণকারী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা, মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা প্রধান এবং অনলাইন (Zoom Apps) এর মাধ্যমে সংযুক্ত ঢাকার বাহিরের দপ্তর/সংস্থার প্রধানসহ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জাতির পিতা, বঙ্গমাতা ও ১৫ই আগস্ট ১৯৭৫-এ শহীদ সকলের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে তিনি জানান যে, আগামী ১৫ আগস্ট ২০২৪ তারিখ বৃহস্পতিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৯তম শাহাদত বার্ষিকীতে দেশব্যাপী যথাযথ মর্যাদা এবং ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ৩০ জুন ২০২৪ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচির আলোকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্তকরণের নিমিত্ত অদ্যকার সভা আহ্বান করা হয়েছে। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন অধিশাখা-৩) আগামী ১৫ আগস্ট ২০২৪ তারিখ বৃহস্পতিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৯তম শাহাদত বার্ষিকীতে দেশব্যাপী যথাযথ মর্যাদা এবং ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচিতে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট কর্মসূচি/সিদ্ধান্ত সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শোক দিবসের গৃহীত কর্মসূচির সাথে সঙ্গতি রেখে নিম্নরূপভাবে বিস্তারিত কর্মসূচি/সিদ্ধান্ত গৃহীত হয়:

| কার্যপত্রের ক্রম | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | (ক) ১৫ আগস্ট ২০২৪ তারিখ বৃহস্পতিবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | ১৫ আগস্ট ২০২৪ তারিখ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার কার্যালয় ভবনে সঠিক মাপ এবং রং অনুযায়ী নতুনভাবে তৈরিকৃত জাতীয় পতাকা বিধি অনুযায়ী অর্ধনমিত রাখতে হবে। পতাকা সঠিকভাবে সঠিক সময়ে উত্তোলনের জন্য মন্ত্রণালয়সহ সকল দপ্তর/সংস্থায় ০১ (এক) জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে। | এ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা |
| ২. | ১৫ আগস্ট ২০২৪ তারিখ সকাল ৬:৩০ টায় ধানমন্ডি ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং মোনাজাত।<br><br>সহায়ক কার্যক্রম:<br><br>(খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ধানমন্ডি ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ বঙ্গবন্ধুর প্রতিকৃতি সংস্কার (প্রয়োজন অনুযায়ী), সম্মুখস্থ রাস্তায় ত্রিপলসহ প্যান্ডেল তৈরি, আসন ব্যবস্থা, স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন, অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত সংখ্যক ফ্যানের ব্যবস্থা, দেয়াল ও গ্রীল রঙকরণ, অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ, পুষ্পস্তবক সরবরাহ এবং প্রতিকৃতি-সংলগ্ন ফোয়ারা চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ধানমন্ডি ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ জাতির পিতার প্রতিকৃতি সংস্কার (প্রয়োজন অনুযায়ী), সম্মুখস্থ রাস্তায় ত্রিপলসহ প্যান্ডেল তৈরি, আসন ব্যবস্থাপনা, স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন, অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত সংখ্যক ফ্যানের ব্যবস্থা, দেয়াল ও গ্রীল রংকরণ, অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর জন্য পুষ্পস্তবক সরবরাহ এবং প্রতিকৃতি সংলগ্ন ফোয়ারায় পানি প্রবাহের মটর চালু রাখতে হবে। এ বিষয়ে ধানমন্ডি ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের কিউরেটর মহোদয়ের সাথে যোগাযোগ করে নিতে হবে। | গণপূর্ত অধিদপ্তর |

| কার্যপত্রের ক্রম | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩. | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭:৩০ টায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও মোনাজাত।<br>সহায়ক কার্যক্রম:<br>(খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি সরবরাহ করবে। | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদদের কবরে (ঢাকার বনানী কবরস্থানে) সকাল ৭.০০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাঁপড়ি সরবরাহ নিশ্চিত করতে হবে। | গণপূর্ত অধিদপ্তর/প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার গণপূর্ত বিভাগ |
| ৪. | ১৫ আগস্ট ২০২৪ তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ টায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর সমাধিতে ফাতেহা পাঠ, পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক গার্ড অব অনার প্রদান এবং মোনাজাত।<br>সহায়ক কার্যক্রম:<br>(চ) গণপূর্ত বিভাগ অনুষ্ঠানস্থল যথাযথভাবে প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা করবে। | ১৫ আগস্ট ২০২৪ তারিখ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর সমাধিতে ফাতেহা পাঠ, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ ও মোনাজাত এর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর সমাধিসৌধ এবং সমাধিসৌধ প্রাঙ্গণে যাবতীয় পরিস্কার-পরিচ্ছন্নতা ও সাজ-সজ্জা এবং পুষ্পস্তবক তৈরিসহ অন্যান্য সকল প্রস্তুতিমূলক কাজ সম্পন্ন করতে হবে। | গণপূর্ত অধিদপ্তর |
| ৫. | (ক) টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে বিশেষ দোয়া মাহফিলের আয়োজন।<br>(খ) বিভিন্ন প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠন কর্তৃক টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে এবং ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, দোয়া মাহফিল ও আলোচনা সভা আয়োজন। | টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে অনুষ্ঠিতব্য বিশেষ দোয়া মাহফিল এবং বিভিন্ন প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠন কর্তৃক টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে এবং ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, দোয়া মাহফিল ও আলোচনা সভা আয়োজনে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। | গণপূর্ত অধিদপ্তর |
| ৮. | (গ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় থেকে প্রস্তুতকৃত জাতীয় শোক দিবসের প্রয়োজনীয় সংখ্যক পোস্টার সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় প্রেরণ করতে হবে।<br>(ঙ) শিক্ষা প্রতিষ্ঠান এবং গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন করতে হবে। সারাদেশে ডিজিটাল সেন্টার ও এলইডি বোর্ডের মাধ্যমে জাতীয় শোক দিবসের ই-পোস্টার প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানসমূহ পোস্টার সংগ্রহ করে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ১১. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও সংস্থা জাতীয় শোক দিবসের কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। | (চ) সোহরাওয়ার্দী উদ্যানে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘরের আশেপাশের এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(জ) ১৫ আগস্ট ২০২৪ তারিখ সকাল ১০.০০ টায় এ মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা একত্রে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অফিস প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবে। আগামী ১৮/০৮/২০২৪ দুপুর ০২.০০ টায় এ মন্ত্রণালয় এবং নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থার অংশগ্রহণে ওসমানী স্মৃতি মিলনায়তনে আলোচনা সভা ও দোয়া মাহফিলের | গণপূর্ত অধিদপ্তর<br>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, প্রশাসন অধিশাখা-৩ ও সকল দপ্তর/সংস্থা |

| কার্যপত্রের ক্রম | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১২. | (ক) জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবসে আলোচনা ও দোয়া মাহফিল আয়োজন করবে। প্রস্তুতি সভা করে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। সকল মন্ত্রণালয়/বিভাগ অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | জেলা ও উপজেলা পর্যায় যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। এ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার জন্য দপ্তর/সংস্থার প্রধানগণ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | সকল দপ্তর/সংস্থা |
| ১৩. | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন, শেখ মুজিব আমার পিতা ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং সরকারি এবং সরকারি অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, ইমাম প্রশিক্ষণ কার্যক্রমে পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী সকল শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারে আবশ্যিকভাবে রাখতে হবে। | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী সকল শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারে আবশ্যিকভাবে রাখতে হবে। বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন, শেখ মুজিব আমার পিতা ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং সরকারি এবং সরকারি অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, ইমাম প্রশিক্ষণ কার্যক্রমে পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা |
| ১৮. | 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং সকল দপ্তর/সংস্থা |
| ১৯. | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী ০১ আগস্ট ২০২৪ হতে কালো ব্যাচ ধারণ করবে। | মন্ত্রণালয়সহ নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারী আবশ্যিকভাবে ০১ আগস্ট ২০২৪ হতে মাসব্যাপী কালো ব্যাচ ধারণ করবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা |
| ২০. | জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব পালনের নিমিত্ত স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এসবি পাশ সংগ্রহ করবে। | মন্ত্রণালয়সহ নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের এসবি পাস সংগ্রহের বিষয়ে ইতোমধ্য কার্যক্রম গৃহীত হয়েছে। এসবি পাশ সংগ্রহের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | গণপূর্ত অধিদপ্তরসহ অন্যান্য দপ্তর/সংস্থা, প্রটোকল অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| ২১. | জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করবে। | মন্ত্রণালয় এবং সকল দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কোড হতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে স্ব স্ব কোডে বরাদ্দকৃত অর্থ হতে প্রয়োজনীয় অর্থ ব্যয় করবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা |

সহায়ক কার্যক্রম:

(চ) সোহরাওয়ার্দী উদ্যানে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘর শিক্ষার্থী ও দর্শনার্থীদের জন্য বিনামূল্যে প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(জ) জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে এবং অধীনস্থ সংস্থা ও দপ্তরে উক্ত কর্মসূচি পালন নিশ্চিত করবে। সকল মন্ত্রণালয়/বিভাগ জুলাই ২০২৪ মাসে একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০২৪ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে।

আয়োজন করতে হবে। আলোচনা সভায় অংশগ্রহণকারী সকলের জন্য দুপুরের খাবারের আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে আলোচনা সভা ও আপ্যায়নের জন্য নিম্নোক্ত দু'টি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচনা সভা সংক্রান্ত কমিটি:

| | | | |
|---|---|---|---|
| ক) | অতিরিক্ত সচিব (প্রশাসন অনু-১), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| খ) | সকল দপ্তর/সংস্থার প্রতিনিধি | - | সদস্য |
| গ) | যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-২), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| ঘ) | যুগ্মসচিব (মনিটরিং অনুবিভাগ), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| ঙ) | যুগ্মসচিব (উন্নয়ন অধিশাখা-৭), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| চ) | যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-৬), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| ছ) | উপসচিব (মনিটরিং অধি-১০), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| জ) | নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, গণপূর্ত অধিদপ্তর | - | সদস্য |
| ঝ) | উপসচিব (প্রশাসন অধিশাখা-৩), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য সচিব |

আপ্যায়ন সংক্রান্ত কমিটি:

| | | | |
|---|---|---|---|
| ক) | অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ-২), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| খ) | সকল দপ্তর/সংস্থার প্রতিনিধি | - | সদস্য |
| গ) | যুগ্মসচিব (অডিট অনুবিভাগ), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| ঘ) | যুগ্মসচিব (প্রশাসন অধি-১৭), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| ঙ) | যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-৫), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| চ) | উপসচিব (অডিট অধি-১২), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| ছ) | উপসচিব (বাজেট অধি-১৬), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| জ) | নির্বাহী প্রকৌশলী, ইডেন ভবন গণপূর্ত বিভাগ, গণপূর্ত অধিদপ্তর | - | সদস্য |
| ঝ) | উপসচিব (বাজেট অধিশাখা-৪), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য সচিব |

ঢাকার বাহিরে অবস্থিত এ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা বিভাগীয় প্রশাসন বা জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে জাতীয় শোক দিবস ২০২৪ এর কর্মসূচি পালন করবে এবং সুবিধাজনক সময়ে আলোচনা সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করবে।

জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে মন্ত্রণালয়সহ নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে এবং অধীনস্থ দপ্তর/সংস্থা উক্ত কর্মসূচি পালন নিশ্চিত করবে। দপ্তর/সংস্থা গৃহীত কর্মসূচির অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ করবে। সকল দপ্তর/সংস্থা আগস্ট/২০২৪ মাসের প্রথম সপ্তাহের মধ্যে ফলো-আপ সভা করবে।

| কার্যপত্রের ক্রম | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২২. | বিবিধ:<br><br>১) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে স্ব-স্ব দপ্তর/সংস্থা শোক দিবসের ব্যানার, ফেস্টুন, ড্রপ ওয়াল এবং সংযোগ সেতুতে ০১টি করে বঙ্গবন্ধুর ছবি সম্বলিত ব্যানার দিতে হবে। | ১) নির্বাহী প্রকৌশলী, ইডেন ভবন গণপূর্ত বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | গণপূর্ত অধিদপ্তর |

পরিশেষে সভাপতি সভায় উপস্থিত (সরাসরি/ভার্চুয়ালি সংযুক্ত) সকলকে ধন্যবাদ জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২৪ তারিখ বৃহস্পতিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৯তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদা এবং ভাবগম্ভীর পরিবেশে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচীর আলোকে জাতীয় শোক দিবস ২০২৪ পালনের অনুরোধ জানান। অতঃপর দিবসটি সুন্দরভাবে পালন করা হবে মর্মে আশাবাদ ব্যক্ত করে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/৭/২০২৪

(মোঃ নবীরুল ইসলাম)
সচিব